

সভা নং-১৪

সভাপতি : মোঃ শফিউল ইসলাম,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সখিপুর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৬/০২/২০২২খ্রিঃ । সময়ঃ-দুপুর ১১.০০ টা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	জাহানারা,মহিলা ভাইস চেয়ারম্যান -	স্বাক্ষরিত
০২।	তারিকুল ইসলাম,চেয়ারম্যান,কাকড়াডাঙ্গা,ইউ,পি	স্বাক্ষরিত
০৩।	আব্দুল মান্নান,চেয়ারম্যান,গজারিয়া ইউ,পি	স্বাক্ষরিত
০৪।	মোঃ শাহ আলম,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,(সদস্য সচিব)-	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহ :

(ক) যুব প্রশিক্ষণ বিষয়ক আলোচনা ।

(খ) যুব ঋণ ও খেলাপী ঋণ ।

(গ) নতুন প্রকল্প গ্রহণ ।

(ঘ) বিবিধ আলোচনা ।

অদ্য ১৬/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় সম্পর্কে উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করলে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্বের সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে গুনান , কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

১। যুব প্রশিক্ষণ :- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪ টি ব্যাচে মোট ৪২০ জন বেকার যুব/যুব মহিলাদের কে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা দেয়া হয়েছে । সে মোতাবেক ব্যাচগুলো তৈরী করা হচ্ছে ।

সিদ্ধান্তঃ-সরকারের নীতিমালা ও নির্দেশনার আলোকে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য স্থানীয় চাহিদার ভিত্তিতে গুরুত্ব বুঝে প্রশিক্ষণ প্রদানের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

যুব ঋণ ও খেলাপী ঋণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে (২০২১-২০২২) অর্থ বছরে মোট ৪৯,৩০,০০০/=(উনপঞ্চাশ লক্ষ ত্রিশ হাজার) টাকা যুবদের ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। আমরা এ পর্যন্ত ২১,৬০,০০০ টাকা বিতরণ করেছি। বাকি টাকা আগামী মাসগুলোতে বিতরণ করা হবে।

সিদ্ধান্ত ৪-প্রধান কার্যালয়ের দেয়া লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঋণ বিতরণ এবং প্রশিক্ষণ দিতে হবে। এ ছাড়া ও খেলাপী ঋণ আদায়ে জোড় তৎপরতা অব্যাহত রাখতে হবে। সরকারের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

নতুন প্রকল্প গ্রহণ-উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাংলাদেশ সরকার ও জাইকার যৌথ অর্থায়নে উন্নয়নমূলক কার্যক্রম চালু করায় আমাদেরকে পত্র দিয়েছিল। আমাদের অফিস জেরা পরিষদের আওতায় হওয়ায় কোন সুযোগ সুবিধা অদ্যাবদি পর্যন্ত পাইনি। আমাদের অফিস ভবনে দীর্ঘদিন ধরে পানি সাপ্লাইয়ের অভাবে আমরা মানবেতর জীবনযাপন করছি। মানুষ সেবা নিতে এলে বিরম্বনায় পড়তে হয় যা বর্তমান ডিজিটাল যুগে কাম্য নয়।

সিদ্ধান্ত-আলোচনা ও পর্যালোচনায় জাইকার আর্থিক সহায়তায় বা উপজেলা পরিষদের অন্য কোন আর্থিক তহবিল হতে আউটসোর্সিং বিষয়ক এবং মহিলাদেরকে বিউটিফিকেশন প্রশিক্ষণ প্রদান করা যায় তবে তাদেরকে ধবংসের পথ থেকে ফিরিয়ে এনে আত্মকর্মে হিসেবে গড়ে তোলার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় উক্ত প্রস্তাব উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে উপস্থাপন করার জন্য অনুরোধ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ ৪- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দাপ্তরিক কার্যক্রম এবং নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণের জন্য সন্মানিত সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সন্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,


সখিপুর, টাংগাইল।

স্মারক নং-যুউঅ/সখি/যুউক/(অংশ-৩)/০২ -

তারিখঃ ১৬/০২/২০২২খ্রীঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ৪।সদস্য(সকল), সখিপুর, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।



(মোঃ শাহ আলম)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সখিপুর, টাঙ্গাইল।